

**নির্বাচনী তফসিল**

উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের এর স্মারক নং-০৫.৪৩.৩৮৭৪.০০০.০৬.০০৩.২৪-১৯৪ তারিখঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ পত্রে নিম্নস্বাক্ষরকারীকে “সড়াইল উচ্চ বিদ্যালয়” ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে প্রিজাইডিং অফিসার নিয়োগ করা হয়। সে অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠনের জন্য সকল বিভাগের [দাতা, অভিভাবক সদস্য (সাধারণ), অভিভাবক সদস্য (সংরক্ষিত), শিক্ষক প্রতিনিধি (সাধারণ), শিক্ষক প্রতিনিধি (সংরক্ষিত)] পদে নির্বাচনের জন্য নিম্নরূপ তফসিল ঘোষণা করা হলো। প্রধান শিক্ষক, সড়াইল উচ্চ বিদ্যালয়ের ঘোষিত নির্বাচনী তফসিল শিক্ষার্থীদের ক্লাসে পাঠ করে শুনানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো। সেইসাথে তাঁকে নিম্নস্বাক্ষরকারীর পক্ষে মনোনয়ন পত্রসমূহ বিতরণ, জমা ও সংরক্ষণের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নির্ধারিত তারিখে জমাকৃত মনোনয়ন পত্রসমূহ প্রতিবেদনসহ বাছাইয়ের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করবেন।

ক্রঃনং	নির্বাচনী কার্যক্রম	তারিখ	স্থান ও সময়	মন্তব্য
০১	মনোনয়ন পত্র গ্রহন ও জমাদান	০৩/০৩/২০২৪ থেকে ০৭/০৩/২০২৪ রবিবার থেকে বৃহস্পতিবার	বিদ্যালয় অফিস কক্ষ সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত	
০২	মনোনয়ন পত্র যাচাই-বাছাই	১০/০৩/২০২৪ রবিবার	১২.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত	
০৩	মনোনয়ন পত্র প্রত্যাহার	১১/০৩/২০২৪ সোমবার	সকাল ১০.০০ থেকে বিকাল ৪.০০ পর্যন্ত	
০৪	নির্বাচন অনুষ্ঠানের তারিখ	২৪ মার্চ ' ২০২৪ রবিবার	বিদ্যালয় প্রাঙ্গণ সকাল ১০.০০ থেকে বিকাল ৪.০০ পর্যন্ত	

(মোঃ ওবায়দুর রহমান)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

প্রিজাইডিং অফিসার  
সড়াইল উচ্চ বিদ্যালয়

ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪

পাঁচবিবি, জয়পুরহাট

uwaopanchbibibd@gmail.com

প্রাপকঃ প্রধান শিক্ষক

সড়াইল উচ্চ বিদ্যালয়

পাঁচবিবি, জয়পুরহাট

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
- ৩। বিদ্যালয় নোটিস বোর্ড
- ৪। হিসাব রক্ষক কাম-ফ্রেডিট সুপারভাইজার, উমবিককা, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। অফিস কপি